



## আমতলীর বকুলনেছা মহাবিদ্যালয় সাগরকুলের নারী শিক্ষায় বলিষ্ঠ ভূমিকা রাখছে

ভজহরিকুণ্ড



থোফাইল

দক্ষিণের জনপদ আমতলী উপজেলার পরিব ও মেধাবী ছাত্রীদের শিক্ষার আলো নিয়ে এগিয়ে এসেছে বকুলনেছা মহাবিদ্যালয়। এ শিক্ষা প্রতিষ্ঠানটির সাগরকুলের নারী শিক্ষায় বলিষ্ঠ অবদান রাখার দৃষ্টান্ত রয়েছে।

আমতলী পৌরশহর থেকে কিছুটা দূরে উত্তর-পূর্ব কোণে এ. কে. পাইলট হাইস্কুল, সংলগ্ন মনোরম পরিবেশে কলেজটি অবস্থিত। ১৯৯৯ সালে বকুলনেছা মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ওই বছর প্রথমবারে ছাত্রী ভর্তি হয় ১ শ' ৪৬; দ্বিতীয় বছর ভর্তি হয় ১ শ' ৭৬, সবশেষে এ বছর ১ শ' ২২ জন ছাত্রী ভর্তি করা হয়। বর্তমানে এ কলেজে নিয়মিত ছাত্রী অধ্যয়ন করছে ৪ শ' ২২ জন। ২০০০ শিক্ষাবর্ষে এইচএসসি পরীক্ষার্থীনি ছিল ৭০ জন। বর্তমানে শিক্ষক-কর্মচারীর সংখ্যা ২৫ জন। কলেজে গরিব ও মেধাবী ছাত্রীদের বিনাবেতনে অধ্যয়নের সুযোগ এবং বিনামূল্যে পাঠ্যপুস্তক দেয়ার ব্যবস্থা আছে।

